# এনডিপি-কর্মী কল্যান তহবিল নীতিমালা

১ম সংস্করণ

জুলাই ২০১৮ থেকে কার্যকরী

## ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ।
ফোনঃ ০৭৫১-৬৩৮৭০-৭১; ফ্যাক্সঃ ০৭৫১-৩৮৭৭
ই-মেইলঃ akhan_ndp@yahoo.com
ওয়েবঃ www.ndpbd.org

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি
# প্রধান কার্যালয়

**এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ সিরাজগঞ্জ-৬৭০৩।**

বিষয় ঃ এনডিপি-কর্মী কল্যান তহবিল নীতিমালা।

১.০ **ভূমিকা ঃ** ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি অত্র এলাকার নিপিড়িত, নির্যাতিত, সূযোগ বঞ্চিত, দূর্গত প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে বিগত প্রায় ২৬ বছর যাবৎ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সংস্থা বর্তমানে সামাজিক উন্নয়ন, অর্থনৈতিক উন্নয়ন, জীবনযাত্রার মান উন্নয়ন, কৃষি উন্নয়ন, পরিবেশ ও জ্বালানী, দূর্যোগ ঝুঁকি প্রশমনও জলবায়ূ পরিবর্তন, মানবাধিকার ও সুশাসন এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন এই সকল ক্ষেত্রে প্রায় ৩০ টি কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন করছে। এই সকল কর্মসূচি বা প্রকল্প বাস্তবায়নে সংস্থায় কর্মরত আছে প্রায় আট শতাধিক কর্মী । সংস্থার চাকুরেদের জন্য প্রদায়ক ভবিষ্য নিধি, আনুতোষিক, দূর্ঘটনা সহায়ক তহবিল ইত্যাদি চালু থাকলেও গোষ্ঠি বীমা, জটিল ও দূরারোগ্য রোগের চিকিৎসা ইত্যাদির ক্ষেত্রে আর্থিক সহায়তার কোন সূযোগ নাই যার প্রয়োজন দীর্ঘ সময় ধরে তীব্রভাবে অনুভূত হওয়ায় প্রাথমিকভাবে স্বল্প পরিসরে চাকুরেদের মাসিক জমা ও সংস্থার অনুদানভিত্তিক একটি "কর্মী কল্যান তহবিল" (Staff Welfare Fund) প্রবর্তন করা হলো।

২.০ **তহবিলের যৌক্তিকতা ঃ** সংস্থার চাকুরেদের চাকুরী অবসানে নির্দিষ্ট নিয়মে "প্রদায়ক ভবিষ্য নিধি", নির্দিষ্ট নিয়মে "আনুতোষিক বা গ্র্যাচুইটি সূবিধা", দূর্ঘটনাজনিত চিকিৎসা সহায়তা প্রদানের লক্ষ্যে নির্দিষ্ট নিয়মে "দূর্ঘটনা সহায়তা তহবিল" ইত্যাদি চালু থাকলেও চাকুরেদের জন্য মৃত্যুজনিত বা দূর্ঘটনাজনিত গোষ্ঠি বীমা, জটিল ও দূরারোগ্য রোগের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা ইত্যাদির কোন ব্যবস্থা নাই। অথচ একজন কর্মী শারীরিকভাবে যতটা সুস্থ ও কর্মক্ষম থাকবেন তত বেশি সংস্থায় সেবা প্রদানে বেশি মনযোগী হতে পারবেন ফলে সংস্থার সামগ্রীক উন্নয়ন ত্বরান্বিত হবে কাঙ্খিত মাত্রায়। এই দৃষ্টিকোন থেকে সংস্থার চাকুরেদের জন্য কল্যানমুখি ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে কর্মী কল্যান তহবিল চালুর সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

৩.০ **তহবিলের নামকরণ ঃ** এনডিপি- কর্মী কল্যান তহবিল (NDP-Staff Welfare Fund)।

৪.০ **তহবিলের উদ্দেশ্য ঃ**

৪.১ কর্মীদের ভবিষ্যৎ এবং বিশেষ প্রয়োজনীয় মুহুর্তে আর্থিক সূবিধা প্রদানের ক্ষেত্র সম্প্রসারিত করা।
৪.২ সংস্থার চাকুরেদের জটিল ও দূরারোগ্য রোগের চিকিৎসা খরচ বাবদ এককালিন অর্থ প্রাপ্যতা'র প্রচলন করা।
৪.৩ সংস্থার চাকুরেদের মৃত্যুজনিত দাফন-কাফন বা অন্তষ্ঠিক্রিয়া বাবদ নগদ অর্থ প্রদান করা।
৪.৪ সংস্থার দরিদ্র চাকুরের মেধাবী ছাত্র-ছাত্রীদের (সংস্থার চাকুরেদের সন্তান) শিক্ষাবৃত্তি প্রদান করা।

৫.০ **তহবিলের আওতা ঃ** সংস্থার সকল স্থায়ী কর্মী এবং সংস্থার অপেক্ষাকৃত দরিদ্র চাকুরেদের মেধাবী সন্তান এই তহবিল থেকে শর্তস্বাপেক্ষে আর্থিক সূবিধা ভোগ করবে।



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

Chairperson
National Development Programme-NDP

৬.০ **তহবিলের কার্যকারিতা ঃ** সংস্থার নির্বাহী পরিষদের অনুমোদন স্বাপেক্ষে এই নীতিমালা জুলাই ০১, ২০১৮ ইং তারিখ হতে কার্যকর হবে। এই তহবিলের কার্যকারিতার সাথে সাথে এনডিপি-ষ্টাফ নিরাপত্তা সঞ্চয় তহবিল বিলুপ্ত হবে।

৭.০ **তহবিলের সদস্য, সদস্যপদ গ্রহণ ও সদস্যপদ বাতিল ঃ** সংস্থার সকল স্থায়ী চাকুরে এই তহবিলের সদস্য হবেন। এখন পর্যন্ত যে সকল স্থায়ী চাকুরে কর্মরত আছেন তারা সরাসরি এই তহবিলের সদস্য হবেন এবং পরবর্তীতে নিয়োগ প্রাপ্তির পর চাকুরীতে স্থায়ী করণের সাথে সাথে নতুন চাকুরেগণ এই তহবিলের সদস্য হবেন।

চাকুরীরত অবস্থায় এই তহবিলের সদস্যপদ প্রত্যাহার বা বাতিল করা যাবে না। চাকুরী অবসানের সাথে সাথে এই তহবিলের সদস্যপদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

৮.০ **তহবিল গঠন প্রনালী ঃ**

৮.০১ জুন ৩০, ২০১৮ ইং তারিখ পর্যন্ত সংস্থার ষ্টাফ নিরাপত্তা সঞ্চয় তহবিলের সমুদয় অর্থ।

৮.০২ সদস্য (স্থায়ী কর্মী)'দের মাসিক জমা ঃ সকল স্থায়ী কর্মী চাকুরীতে স্থায়ীকরণের তারিখ হতে মাসিক ৫০০/= (পাঁচশত) টাকা হারে নিয়মিতভাবে এই তহবিলে জমা প্রদান করবেন। এই জমা টাকা শর্তস্বাপেক্ষে ফেরৎযোগ্য হবে।

৮.০৩ বিনিয়োগ থেকে অর্জিত লাভ ঃ এই তহবিলে জমাকৃত উদ্বৃত্ত অর্থ লাভজনক খাতে বিনিয়োগ করে বিনিয়োগ থেকে অর্জিত আয়।

৮.০৪ ব্যাংক সুদ ঃ ব্যাংকে রক্ষিত গচ্ছিত অর্থের বিপরীতে ব্যাংক প্রদত্ত সুদ/সার্ভিস চার্জ।

৮.০৫ সংস্থা (ক্ষুদ্রঋণ কার্যক্রমের অর্জিত আয়) থেকে বাৎসরিক এককালিন অনুদান ঃ সংস্থার ক্ষুদ্রঋণ কার্যক্রমের অর্জিত আয় থেকে প্রতিবছর থোক বরাদ্দ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা করে এই তহবিলে প্রদান করবে।

৯.০ **তহবিলের উপকারভোগী ঃ**

৯.১ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি'র 'ক্ষুদ্রঋণ কর্মসূচি', 'জেনারেল ফান্ড' ও' প্রশিক্ষণ কেন্দ্রে' কর্মরত সকল নিয়মিত বা স্থায়ী চাকুরে।

৯.২ স্থায়ী/নিয়মিত দরিদ্র চাকুরেদের মেধাবী সন্তান যারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত (কেস-টু-কেস ভিত্তিতে)

১০.০ **তহবিলের সুবিধাসমুহ ঃ** চাকুরী শেষে এককালিন ফেরৎ, চিকিৎসা সুবিধা, দাফন-কাফন, দূর্ঘটনাজনিত চিৎিসা সুবিধা,

১০.১ **শল্য চিকিৎসা সুবিধা ঃ**

- **যে সকল শল্য চিকিৎসার ক্ষেত্রে এই তহবিল থেকে আর্থিক সুবিধা প্রদান করা হবে-**
  - হৃদরোগ অপরেশন বা করোনারী এনজিও প্লাষ্টি ও ষ্টেনটিং;
  - ব্রেইন অপারেশন বা ব্রেইনজনিত রোগের চিকিৎসা;
  - গলব্লাডার ষ্টোন অপারেশন (ল্যাপারোস্কপি);
  - জরায়ু অপারেশন;
  - কিডনী প্রতিস্থাপন;
  - কিডনীর পাথর অপসারণ;
  - প্রষ্টেট গ্ল্যান্ড অপারেশন;
  - ফায়ার/এসিড বার্ণজনিত অপারেশন;
  - হেপাটাইটিস (বি. সি এবং ই) চিকিৎসা;



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

Chairperson
National Development Programme-NDP

- ক্যান্সার চিকিৎসা; এবং
- অন্যান্য জটিল ও দূরারোগ্য ব্যাধি যেখানে ব্যয়বহুল শল্য চিকিৎসার প্রয়োজন হবে।

- দেশের অভ্যন্তরে যে কোন স্থানে হাসপাতাল/ক্লিনিক-এ ব্যয়িত মোট চিকিৎসা খরচের শতভাগ এই তহবিল থেকে অনুদান হিসাবে প্রদান করা হবে তবে তহবিল থেকে প্রদানকৃত অর্থের সর্বোচ্চ সীমা ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার অধিক হবে না।
- কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণপূর্বক বিদেশে চিকিৎসা খরচের শতকরা ৫০ ভাগ এই তহবিল থেকে আর্থিক অনুদান প্রদান করা হবে তবে প্রদানকৃত অর্থের সর্বোচ্চ সীমা ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার অধিক হবে না।
- চিকিৎসা সুবিধা আবেদনের সাথে ডাক্তারের প্রেসক্রিপশন/ব্যবস্থাপত্র, ক্লিনিক/হাসপাতালে ভর্তি ও ছাড়পত্র, স্বাস্থ্য পরীক্ষার কাগজপত্র, ঔষষ ও অন্যান্য চিকিৎসা উপকরণ বাবদ খরচের বিল ভাউচার সংযুক্ত করতে হবে।
- চিকিৎসা সুবিধা/আর্থিক অনুদান সংক্রান্ত বিষয়সমুহ পর্যালোচনা ও অনুমোদনের ক্ষেত্রে ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে।
- সংস্থায় চাকুরীর মেয়াদ যা'ই হোক না কেন স্থায়ী চাকুরেগণ অন্যান্য শর্তপূরণ স্বাপেক্ষে এই তহবিল থেকে অনুদান প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন।
- অনুদান অনুমোদনের ক্ষেত্রে অপেক্ষাকৃত দরিদ্র চাকুরেগণ অগ্রাধিকার পাবেন।
- শুধুমাত্র স্থায়ী চাকুরেগণের জন্য এই সুবিধা কার্যকর হবে। চাকুরেগণের পরিবারের সদস্যগণ এই সুবিধার প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।
- একজন চাকুরে এই তহবিল থেকে সুবিধা প্রাপ্তির পর পরবর্তী ৫ বছরের মধ্যে এই সুবিধা প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন না। এবং সংস্থায় সমগ্র চাকুরী জীবনে ৩ বারের বেশি এই সুবিধা প্রাপ্য হবেন না।
- যেহেতু সংস্থায় দূর্ঘটনা সহায়তা তহবিল চালু আছে সেহেতু দূর্ঘটনাজনিত চিকিৎসার জন্য এই তহবিল থেকে সুবিধা প্রদান করা হবেনা।

১০.২ সাধারণ রোগের চিকিৎসা সুবিধা ঃ

- শৈল্য চিকিৎসা বা অপারেশন ছাড়া সাধারণ যে কোন রোগের চিকিৎসা যেক্ষেত্রে ৩ দিনের বেশি ক্লিনিক/হাসপাতালে থেকে চিকিৎসা গ্রহণ করার প্রয়োজন হবে এরুপ ক্ষেত্রে এই তহবিল থেকে শর্তস্বাপেক্ষে আর্থিক সুবিধা প্রদান করা হবে।
- দেশের অভ্যন্তরে চিকিৎসার ক্ষেত্রে ক্লিনিক বা হাসপাতালে অবস্থানকালিন দিন সমুহের জন্য চিকিৎসা খরচ বাবদ দৈনিক ১,০০০/- (এক হাজার) টাকা হারে সর্বোচ্চ ৩০ দিনের জন্য অনুদান প্রদান প্রদান করা হবে। ক্লিনিক/হাসপাতালে ভর্তি ও ছাড়ের দিনগুলিকে অর্ধদিন বিবেচনা করা হবে।
- চিকিৎসা সুবিধা আবেদনের সাথে ডাক্তারের প্রেসক্রিপশন/ব্যবস্থাপত্র, ক্লিনিক/হাসপাতালে ভর্তি ও ছাড়পত্র, স্বাস্থ্য পরীক্ষার কাগজপত্র, ঔষধ ও অন্যান্য চিকিৎসা উপকরণ বাবদ খরচের বিল ভাউচার সংযুক্ত করতে হবে।
- চিকিৎসা সুবিধা সংক্রান্ত আর্থিক অনুদান সংক্রান্ত বিষয়সমুহ পর্যালোচনা ও অনুমোদনের ক্ষেত্রে ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে।
- সংস্থায় চাকুরীর মেয়াদ যা'ই হোক না কেন স্থায়ী চাকুরেগণ অন্যান্য শর্তপূরণ স্বাপেক্ষে এই তহবিল থেকে অনুদান প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন।
- অনুদান অনুমোদনের ক্ষেত্রে অপেক্ষাকৃত দরিদ্র চাকুরেগণ অগ্রাধিকার পাবেন।



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

Chairperson
National Development Programme-NDP

NDP

- শুধুমাত্র স্থায়ী চাকুরেগণের জন্য এই সুবিধা কার্যকর হবে। চাকুরেগণের পরিবারের সদস্যগণ এই সুবিধার প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।
- একজন চাকুরে এই তহবিল থেকে সুবিধা প্রাপ্তির পর পরবর্তী ৫ বছরের মধ্যে এই সুবিধা প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন না। এবং সংস্থায় সমগ্র চাকুরী জীবনে ৩ বারের বেশি এই সুবিধা প্রাপ্য হবেন না।
- যেহেতু সংস্থায় দূর্ঘটনা সহায়তা তহবিল চালু আছে সেহেতু দূর্ঘটনাজনিত চিকিৎসার জন্য এই তহবিল থেকে সুবিধা প্রদান করা হবেনা।

**১০.৩ দাফন-কাফন/অন্তষ্ঠ্যিক্রিয়া ঃ**

- যে কোন স্থায়ী চাকুরের মৃত্যুজনিত কারণে দাফন-কাফন বা অন্তষ্ঠ্যিক্রিয়ার জন্য চাকুরের পরিবারের সদস্য (চাকুরে কর্তৃক নির্বাচিত নমিনি) এর হাতে অবিলম্বে নগদ ২৫,০০০/- (পচিঁশ হাজার টাকা) এককালিন অনুদান হিসাবে প্রদান করতে হবে।
- যে কোন উপায়ে মৃত্যুর ক্ষেত্রে (যেমন-স্বাভাবিক মৃত্যু, দূর্ঘটনাজনিত মৃত্যু, আততায়ী কর্তৃক হত্যা ইত্যাদি) এই সুবিধা প্রাপ্য হবে। অন্য কোন তহবিলের আওতায় ভুক্তভোগি এ ধরণের সুবিধা প্রাপ্ত হলেও এ তহবিল এর সুবিধা প্রাপ্তি থেকে বঞ্চিত করা যাবে না।
- স্বচ্ছল-অস্বচ্ছল যে কোন চাকুরের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে।
- এ সুবিধা শুধুমাত্র চাকুরেদের জন্য প্রযোজ্য হবে পরিবারের সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য হবেনা।
- কোন আবেদন ছাড়া মুত্যু সনদপত্র (ইউনিয়ন পরিষদ/রেজিষ্টার্ড এমবিবিএস ডাক্তার কর্তৃক প্রদত্ত) মূলে নমিনির/গ্রহীতার নিকট থেকে প্রাপ্তিস্বীকারপত্র গ্রহণ করে এই অর্থ প্রদান করা যাবে।

**১০.৪ দরিদ্র চাকুরের মেধাবী সন্তান (ছাত্র/ছাত্রী)'দের শিক্ষা বৃত্তি প্রদান ঃ**

আর্থিকভাবে অস্বচ্ছল বা কম স্বচ্ছল চাকুরের মেধাবী সন্তানদের মাধ্যমিক স্তর থেকে উচ্চ শিক্ষা সকল ক্ষেত্রে নিম্ন তালিকা মোতাবেক মাসিক বৃত্তি প্রদান করা হবে

- **মাসিক শিক্ষা বৃত্তির হার ঃ**

| ক্রমিক নং | অধ্যানের শ্রেণী | মাসিক বৃত্তির হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মাধ্যমিক ও সমমান- ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী | ৩০০/- | |
| ২ | উচ্চ মাধ্যমিক ও সমমান এবং স্নাতক পাসকোর্স ও সমমান | ৫০০/- | |
| ৩ | বিশ্ববিদ্যালয়, চিকিৎসা মহাবিদ্যালয়/বিশ্বিদ্যালয়, প্রকৌশল ইন্সটিটিউট এর সকল শ্রেণী | ১,০০০/- | |

- শিক্ষা বৃত্তি বরাদ্দের বছর হবে মাধ্যমিক পর্যায়ে জানুয়ারী-ডিসেম্বর এবং অন্যান্য ক্ষেত্রে জুলাই-জুন।
- প্রতিবছর নতুন আবেদনের প্রেক্ষিতে সামগ্রীক বিষয় যাচাই করে সেই বছরের জন্য বৃত্তি অনুমোদন করা হবে।
- কোন একটি নির্দিষ্ট বছরের অনুমোদিত বৃত্তি কোন শিক্ষার্থীর পুরো শিক্ষাকালের জন্য বৃত্তির নিশ্চয়তা প্রদান করবে না।
- মাধ্যমিক ও সমমান পর্যায়ের জন্য প্রতি বছর জানুয়ারী মাসের ১০ তারিখের মধ্যে ও অন্যান্য ক্ষেত্রে জুলাই মাসের ১০ তারিখের মধ্যে আবেদন সংগ্রহ করে যাচাই-বাছাই এর পর যথাক্রমে ফেব্রুয়ারী ও আগষ্ট মাসে বৃত্তি অনুমোদন করা হবে।



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

Chairperson
National Development Programme-NDP

- শিক্ষাবৃত্তির জন্য আবেদনপত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার বর্তমান পদবী, চাকুরীতে যোগদানের তারিখ, স্থায়ীকরণের তারিখ, বর্তমান মাসিক সর্বমোট বেতন-ভাতা, পরিবারে নির্ভরশীল সদস্যসংখ্যা ও তাদের বিবরণ, ছাত্র ছাত্রীর অধ্যায়নের শ্রেণী, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, পূর্ববর্তী বছরের পাঠ অগ্রগতি বিবরণ, ইতিপূর্বে প্রাপ্ত শিক্ষা বৃত্তির বিবরণ (অত্র সংস্থা/অন্য কোন উৎস) ইত্যাদি তথ্য উল্লেখপূর্বক প্রয়োজনীয় প্রামানিক দলিল সংযুক্ত করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্বাহী পরিচালক বরাবরে আবেদন করতে হবে।

১০.৫ **স্থায়ী চাকুরের চাকুরী অবসানে তহবিল থেকে প্রাপ্যতা ঃ** সংস্থার একজন স্থায়ী কর্মী যিনি এই তহবিলের সদস্য সংস্থার চাকুরী অবসানে স্বয়ংক্রিয়ভাবে তাঁর এই তহবিলের সদস্যপদ বাতিল হবে। এই তহবিলের সদস্যপদ বাতিলের সাথে সাথে এই তহবিল থেকে তাঁর প্রাপ্যতা হবে নিম্নরুপ ঃ

- চাকুরীকালিন সময়ে তিনি এই তহবিল যে কোন ধরণের সূবিধা প্রাপ্ত হয়েছেন কিংবা প্রাপ্ত হন নাই তা বিবেচনায় না নিয়ে তিনি প্রতিমাসে তাঁর জমাকৃত অংশ (৫০০/- টাকা মাসিক জমা) চাকুরী সমাপনান্তে কর্মীর জমাকৃত শেষ স্থিতির উপর ১০% হারে লভ্যাংশসহ ফেরৎ দেয়া হবে। **উদাহরণঃ 'ক'** নামক একজন কর্মীর চাকুরী সমাপনান্তে (যে কোন কারণে এনডিপি থেকে চাকুরী অবসানে) চাকুরীর বয়স দুই বছর বা তার বেশি হলে উক্ত তহবিলে জমাকৃত স্থিতি যদি ৩০,০০০/= টাকা হয় তবে তিনি ১০% হারে লভ্যাংশ ৩০,০০০ X ১০% = ৩,০০০/= সহ সর্বমোট (৩০,০০০/= + ৩,০০০/=) =৩৩,০০০/= টাকা প্রাপ্য হবেন। চাকুরীর বয়স ন্যুনতম ২ (দুই বছর) পূর্ণ না হলে অর্থাৎ দুই বছরের কম হলে শুধূ মাত্র জমাকৃত মূল টাকা প্রদেয় হবে কোন বাড়তি লভ্যাংশ প্রদেয় হবেনা। ট্রাস্টি বোর্ডে অনুমোদনের মাধ্যমে অন্যান্য সার্ভিস বেনিফিট এর সাথে এই পাওনা পরিশোধ করা হবে।

১১.০ **তহবিল থেকে সুবিধা প্রদান পদ্ধতি ঃ**

১১.১ নীতিমালার আওতায় নির্ধারিত সূবিধা প্রাপ্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১.২ আবেদনপত্রের সাথে প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সমর্থনপত্র/প্রমানপত্র সংযুক্ত করতে হবে।

১১.৩ আবেদনপত্রটি লাইন ম্যানেজমেন্ট কর্তৃক যাচাই-বাছাই ও সুপারিশকৃত হতে হবে।

১১.৪ প্রতি দুইমাস অন্তর অনুষ্ঠিত ট্রাসিটবোর্ডের সভায় আবেদনসমুহ চুলচেরা বিশ্লেষন ও যাচাই-বাছাই করে সূবিধা প্রদানের জন্য অনুমোদিত হবে।

১১.৫ অনুমোদনের প্রেক্ষিতে হিসাব বিভাগ থেকে ক্রস চেকের মাধ্যমে আর্থিক সূবিধার প্রদান করা হবে।

১২.০ **তহবিল ব্যবহার ঃ** তহবিলের অর্থ নীতিমালার আওতায় ভূক্তভোগী চাকুরেদের এবং দরিদ্র চাকুরেদের মেধাবী সন্তানদের আর্থিক সূবিধা প্রদানের নিমিত্তে ব্যবহার করা হবে। তহবিলে জমাকৃত অর্থের ১০ শতাংশ নিয়মিত তারল্য অবস্থায় ব্যাংক হিসাবে সংরক্ষণ করতে হবে। উদ্বৃত্ত অর্থ ট্রাস্টি বোর্ডের মাধ্যমে সিদ্ধান্ত স্বাপেক্ষে ব্যাংকে স্থায়ী আমানত, সংস্থার ক্ষুদ্রঋণ কার্যক্রমে চলমান ব্যাংকসুদ হারে ঋণ প্রদান বা অন্য কোন নিরাপত্তামূলক লাভজনক খাতে বিনিয়োগ করতে হবে।

১৩.০ **তহবিল পরিচালনা পদ্ধতি ঃ** সংস্থার সিপিএফ ও জিএফ ট্রাস্টি বোর্ড এর মাধ্যমে এই তহবিলের যাবতীয় কার্যক্রম পরিচালিত হবে। প্রতি জোড় মাসে ট্রাস্টি বোর্ড এর সভার মাধ্যমে এতদসংক্রান্ত প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

১৪.০ **তহবিলের হিসাবরক্ষণ পদ্ধতি ঃ** তহবিলের পৃথক একটি ব্যাংক হিসাব থাকবে। এই তহবিলের হিসাব সম্পূর্ণ পৃথকভাবে সংরক্ষণ করতে হবে। হিসাব বিভাগ এতদসংক্রান্ত দায়িত্ব পালন করবে। প্রতি মাসে এই তহবিলের আয়-ব্যয় ও উদ্বৃত্তপত্র প্রস্তুত করতে হবে।



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

Chairperson
National Development Programme-NDP

১৫.০ **তহবিল বিলুপ্তি ঃ** সাধারণভাবে এই তহবিল চলমান থাকবে তবে অধিক সুযোগ-সুবিধা সম্বলিত অন্য কোন নামে অন্যকোন তহবিল চালুকরণ বা অন্য কোন বিশেষ কারণে সংস্থার নির্বাহী পরিষদের চুড়ান্ত সিদ্ধান্তক্রমে এই তহবিল বিলুপ্তি হতে পারবে।

১৬.০ **মনিটরিং ও সুপারভিশন ঃ** সংস্থার মনিটরিং সেল নিয়মিত এই তহবিলের কার্যক্রম মনিটরিং করবে এবং উন্নত ব্যবস্থাপনা নিশ্চিৎকরনে প্রয়োজনীয় পরামর্শ দিবে।

১৭.০ **নিরীক্ষা ঃ** প্রতি বছর ন্যুনতম একবার এই তহবিলের হিসাব নিকাশ সংস্থার অভ্যন্তরিণ নিরীক্ষা বিভাগ হতে নিরীক্ষা করে প্রয়োজনীয় প্রতিবেদন উপস্থাপন করবে। প্রতিবেদন মোতাবেক তহবিল থেকে প্রয়োজনীয় প্রতিপালন নিশ্চিৎ করা হবে।

১৮.০ **নীতিমালা সংশোধন ঃ** সংস্থার নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে যে কোন সময় এই নীতিমালা সংশ্লিষ্ট যে কোন বিষয় সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধন করা যাবে।

==০==



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme-NDP

Chairperson
National Development Programme-NDP

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

প্রধান কার্যালয়, এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

## অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন/কার্যক্রম সংক্রান্ত রিপোর্টিং ফরম

সূত্র ঃ এএমএল সার্কুলার নং ২৭, তারিখ ১৫/০৬/২০১১, অনুচ্ছেদ ৩(জ-অ,আ)।

১. অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের/কার্যক্রমের ক্ষেত্রে সন্দেহভাজন ব্যক্তির/প্রতিষ্ঠানের পরিচিতির বিস্তারিত তথ্য ঃ

২. অস্বাভাবিক ও সেন্দহজনক লেনদেনের/কার্যক্রমের বিবরণ ঃ

২.১ জড়িত অর্থের পরিমান

২.২ লেনদেনের তারিখ/তারিখসমুহ ঃ

২.৩ সন্দেহজনক লেনদেন/কার্যক্রম সংঘটিত হওয়ার শাখা/স্থান ঃ

৩. অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন হিসেবে রিপোর্ট করার কারণ ঃ

৪. অন্যান্য তথ্যদি ঃ

রিপোর্টকারী কর্মকর্তার স্বাক্ষর (Contact Point) ঃ

কর্মকর্তার নাম ঃ

পদবী ঃ

তারিখ ঃ



Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

Aleya Akhtar Banu
Chairperson
National Development Programme-NDP